

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।

doict.sadar.gopalganj.gov.bd

সভাপতি	মোঃ সাদিকুর রহমান খান উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	১৪ অক্টোবর, ২০১৯খ্রিঃ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- “ক”


পস্থিত সকলকে স্বাগত জানিয়ে গোপালগঞ্জ সদর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সদস্য সচিবকে নবগঠিত উপজেলা আইসিটি কমিটির পরিচিতি, লক্ষ্য ও কার্যাবলী সম্পর্কে আলোচনা শুরু করার জন্য আহ্বান জানানো হয়। উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়ন, সকল সরকারী দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল পরিচালনা, সরকারী দপ্তরে ই-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের যথাযথ পরিচালনা, সকল সরকারী দপ্তর ও কম্পিউটার ল্যাব সমূহে ইন্টারনেট সংযোগ নিরবচ্ছিন্ন রাখা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়ন হালনাগাদ করণ।	১.১। স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠানের জরুরী খবর, বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী, সকল ধরনের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য এবং সকল জনপ্রতিনিধি ও জনবলের তথ্যসহ সেবা গ্রহীতাদের সুবিধার জন্য প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদ ও তা বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ১.২। এক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানসহ প্রয়োজনবোধে তৎসংশ্লিষ্ট যাবতীয় তথ্য সরবরাহ করণ বিষয়ে উপজেলা কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার, মোবাঃ ০১৭৪৮৮২৪৪৫৬, ইমেইলঃ doict.sadar.gopalganj@gmail.com কে সহায়তা করতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। ২। উপজেলাস্থ সকল ইউপি চেয়ারম্যান ও সচিবগণ। ৩। উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। ৪। সহকারী প্রোগ্রামার।

<p>০২</p> <p>মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন এবং প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন।</p>	<p>২.১। মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন এবং প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন করে (MMC) ক্লাসের নিয়মকানুন অবহিত করনের বিষয়ের আলোচনা করা হয়।</p>	<p>১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার। ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজার ৩। সহকারী প্রোগ্রামার</p>
<p>০৩</p> <p>নিজ নিজ দপ্তরের ই-মেইল ব্যবহার সংক্রান্ত</p>	<p>৩.১। এক মাসের মধ্যে উপজেলাস্থ সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদ সচিবগণ নিজ নিজ দপ্তর/ পরিষদের নামের সাথে মিল রেখে ই-মেইল আইডি খুলে তা সহকারী প্রোগ্রামার বরাবর প্রেরণ করবেন</p>	<p>১। উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। ২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণ।</p>
<p>০৪</p> <p>উপজেলার প্রত্যেক সরকারী দপ্তর হতে আইসিটি ফোকাল পয়েন্ট হিসেবে ০১ (এক) জন করে কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত করণ প্রসঙ্গেঃ</p>	<p>৪.১। প্রত্যেক সরকারী দপ্তর হতে ০১ (এক) জন করে আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা/কর্মচারী নির্বাচনপূর্বক তাঁর তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১। উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। ২। সহকারী প্রোগ্রামার ৩। প্রভাষ কুমার সাহা, উচ্চমান সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।</p>
<p>০৫</p> <p>শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন</p>	<p>৫.১। সকল শ্রেণির শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক নিয়মিত ল্যাব ব্যবহার করণ, আইসিটির পাঠ্যক্রম সমূহ আবশ্যিকভাবে কম্পিউটার ল্যাবে ইন্টারনেট সংযোগে ব্যবহারিকভাবে পাঠদান, প্রয়োজনীয় রেজিস্টারাদি নিয়মিত ব্যবহার ও হালনাগাদ রাখা, কম্পিউটার ও ল্যাপটপ সমূহ শুধুমাত্র ল্যাবের অভ্যন্তরে ব্যবহারকরণ ও সর্বদা সচল রাখা এবং সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ৫.২। কমিটির সদস্যগণ তথা উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত কম্পিউটার ল্যাব এর কার্যক্রম পর্যবেক্ষণপূর্বক কমিটির সভায় রিপোর্ট করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১। উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানগণ। ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।</p>

০৬	ই-ফাইলিং ৬.১। সকল সরকারী দপ্তর সমূহকে ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে ক্রমান্বয়ে স্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, গোপালগঞ্জ। ২। উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। ২। সহকারী প্রোগ্রামার, সদর, গোপালগঞ্জ।
----	--	--

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন



মোঃ সাদিকুর রহমান খান
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৩৫৩২.০০০.০৬.০০২.১৯.১

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৬

০১ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ২) উপজেলা অফিসার, সদর, গোপালগঞ্জ।
- ৩) আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়



মোঃ আবদুল্লাহ আল মামুন
সহকারী প্রোগ্রামার